শেখ হাসিনা সেনাবাহিনীকে উসকানি দিয়ে গৃহযুদ্ধের চেষ্টা করেছিলেন: চিফ প্রসিকিউটর



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম দাবি করেছেন, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে গৃহযুদ্ধের সূচনা করার জন্য সেনাবাহিনীকে উসকানি দিয়েছিলেন। তবে দেশপ্রেমিক সেনাবাহিনী এবং সাধারণ মানুষ এই উসকানিকে প্রতিহত করেছেন।

আজ (২৩ অক্টোবর) বৃহস্পতিবার ট্রাইব্যুনালে শেখ হাসিনার মামলার যুক্তিতর্ক শেষ হওয়ার পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেন, “শেখ হাসিনা সেনাবাহিনীকে উসকানি দিয়েছেন যে, তোমাদের কিছু অফিসারকে বিচার করা হচ্ছে, তাই এর বিরুদ্ধে দাঁড়িয়ে রুখে দাও। কিন্তু দেশের সেনাবাহিনী কোনোভাবে এই উসকানিতে সাড়া দেয়নি।”

তিনি বলেন, দেশের জনগণ এবং সেনাবাহিনী স্পষ্টভাবে বুঝেছিল এই উসকানির উদ্দেশ্য। যাদের বিরুদ্ধে যথাযথ প্রমাণ ও অভিযোগ রয়েছে, তাদের বিচার প্রক্রিয়ায় আনা হয়েছে। সেনাবাহিনী আইন ও শৃঙ্খলার প্রতি অটল অবস্থান বজায় রেখেছে, তাই কোনো বিশৃঙ্খলা সৃষ্টি হয়নি।

চিফ প্রসিকিউটর আরও মন্তব্য করেন, “এসব উসকানির মাধ্যমে আসামিরা প্রমাণ করেছে, এত বড় হত্যাকাণ্ডের পরও তাদের মধ্যে কোনো অনুশোচনা নেই। অনুশোচনা ছাড়া হত্যাকারীদের বিষয়ে আদালতের কোনো অনুকম্পা থাকা উচিত নয়।”

তিনি জোর দিয়ে বলেন, “বাংলাদেশে যেন আর কখনও এই ধরনের হত্যাকাণ্ড ফিরে না আসে, এজন্যই এই বিচার কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ।”